

💵 আত্ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ১১৫

৩. ইলম বা বিদ্যা (کتاب العلم)

পরিচ্ছেদঃ ৭) অনুচ্ছেদ

আরবী

(صحيح) وَعَنْ أبي مسعود البدري أنَّ رَجُلاً أتَى النَّبِيَّ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ليَسْتَحْمِلُهُ فَقَالَ إِنَّهُ قَدْ أُبْدِعَ بِي فَقَالَ رَسُوْلُ اللهِ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ النَّتِ فُلَانًا فَأَتَاهُ فَحَمَلَهُ فَقَالَ رَسُوْلُ اللهِ صلَّى الله عَلَيْهِ وَسَلَّمَ النَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَنْ دَلَّ عَلَى خَيْرٍ فَلَهُ مِثْلُ أَجْرِ فَاعِلِهِ أَوْ قَالَ عَامِلِهِ. رَسُوْلُ اللهِ صلَلَى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ مَنْ دَلَّ عَلَى خَيْرٍ فَلَهُ مِثْلُ أَجْرِ فَاعِلِهِ أَوْ قَالَ عَامِلِهِ. رواه مسلم وأبو داود والترمذي

বাংলা

১১৫. (সহীহ্) আবু মাসউদ বাদরী (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, জনৈক ব্যক্তি নবী (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)এর কাছে এসে একটি বাহন চাইল। অতঃপর বললঃ আমার বাহনটি খোঁড়া হয়ে (সফর বন্ধ হয়ে) গেছে। তখন রাসুলুল্লাহ (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বললেনঃ

উমুক লোকের কাছে যাও।

সে তার কাছে গেলে লোকটি তাকে একটি বাহন দিল। তখন রাসুলুল্লাহ (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বললেনঃ

''যে ব্যক্তি ভাল কাজের সন্ধান দিবে, সে উহার কর্তার অথবা বলেছেন সম্পাদনকারীর সমপরিমাণ ছোয়াব লাভ করবে।''

(হাদীছটি বর্ণনা করেছেন মুসলিম ১৮৯৩, আবু দাউদ ৫১২৯ ও তিরমিয়ী ২৬৭১) হাদীছের বাক্য তিরমিয়ীর।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবু মাসউদ আনসারী (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন